গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-২৩/২০১৯-২০২০
ঢাকা, ২৭ জুলাই শনিবার ২০১৯, ১২ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ডেঙ্গু নিয়ে সরকারের দায়িত্বশীলদের সংযত হয়ে কথা বলার আহ্বান সেতুমন্ত্রীর
২। দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশ এখন বিশ্বে রোল মডেল : জামালপুরে বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণকালে কৃষিমন্ত্রী
৩। শেখ হাসিনার আমলে দেশে হিন্দু জনসংখ্যা বেড়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী
৪। গুজবে দেশের উন্নয়ন ব্যাহত করা যাবে না : স্থানীয় সরকার মন্ত্রী
৫। মুক্তিযোদ্ধাদের চিকিৎসার সব দায়িত্ব নেবে সরকারঃ ফরিদপুরে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৬। সংবাদ মাধ্যম দেশের উন্নয়নের বড় হাতিয়ার : পররাষ্ট্রমন্ত্রী
৭। সুখী সমৃদ্ধ বাংলাদেশ গড়তে গাছ লাগাতে হবে : বস্ত্র ও পাটমন্ত্রী
৮। দেশে ৯৪ শতাংশ মানুষ বিদ্যুৎ সুবিধা পাচ্ছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

**১। ডেঙ্গু নিয়ে সরকারের দায়িত্বশীলদের সংযত হয়ে কথা বলার আহ্বান সেতুমন্ত্রীর**

ডেঙ্গু নিয়ে সরকারের দায়িত্বশীলদের সংযত হয়ে কথা বলার আহ্বান জানিয়েছেন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন দেশে নেই এবং তিনি নিজেও ডেঙ্গুর প্রকোপ নিয়ে চিন্তিত। এ সময়টা অত্যন্ত সংবেদনশীল। এ সময় সবারই সংযত হয়ে দায়িত্বশীল কথাবার্তা বলা উচিত। গতকাল (২৬ জুলাই শুক্রবার) আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ধানমণ্ডির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদসম্মেলনে ওবায়দুল কাদের এসব কথা বলেন। ডেঙ্গু নিয়ে সরকারের উদ্যোগ জানতে চাইলে তিনি বলেন, জনগণকে বাঁচাতে প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন। এমনকি প্রধানমন্ত্রীর কার্যালয়ও খুব সক্রিয়, সেখান থেকে একটা মনিটরিং সেলও গঠন করা হয়েছে। দুই সিটি করপোরেশনকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। প্রিয়া সাহার বক্তব্যের সঙ্গে ছেলেধরা গুজব সরকারবিরোধী ষড়যন্ত্রের অংশ কি না- জানতে চাইলে ওবায়দুল কাদের বলেন, এখানে একটা স্বার্থান্বেষী মহল জড়িত থাকতে পারে। তবে প্রিয়া সাহার বক্তব্য, গণপিটুনি ও গুজব- এ বিষয়গুলোর মধ্যে কোনো যোগসূত্র আছে কি না সেটাও গভীরভাবে খতিয়ে দেখা হচ্ছে। এ ধরনের কোনো যোগসূত্র থেকে থাকলে তা অবশ্যই সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রের অংশ হিসেবে মনে করা হবে। তখন যা যা করা দরকার সব প্রস্তুতি সরকারে আছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫)।

**২। দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশ এখন বিশ্বে রোল মডেল :**
**জামালপুরে বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণকালে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক গতকাল (২৬ জুলাই শুক্রবার) জামালপুরে বন্যার্তদের মধ্যে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বলেন, বাংলাদেশ এখন দুর্যোগ মোকাবিলায় বিশ্বে রোল মডেল। ত্রাণনির্ভর নয়, আমরা দেশকে দুর্যোগ সহনীয় হিসেবে গড়ে তুলতে চাই। তিনি বলেন, দেশে আর মঙ্গা নেই। মঙ্গা দূর করা সম্ভব হয়েছে কৃষিতে সরকারের প্রণোদনার কারণে। কৃষক স্বল্পমূল্যে বীজ-সারসহ বিভিন্ন কৃষি উপকরণ সহজে পাচ্ছে। ফলে কৃষি ক্ষেত্রে উৎপাদন বেড়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)।

**৩। শেখ হাসিনার আমলে দেশে হিন্দু জনসংখ্যা বেড়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমলে দেশে হিন্দু জনসংখ্যা বেড়েছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। (২৬ জুলাই শুক্রবার) জাতীয় জাদুঘরের 'বাংলাদেশে জঙ্গী, মৌলবাদ ও সাম্প্রদায়িক সন্ত্রাস দমনে সরকার ও সমাজের করণীয়' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রিয়া সাহা ডোনাল্ড ট্রাম্পের কাছে হিন্দুদের যে তথ্য দিয়েছেন বাংলাদেশের মানুষ তার বক্তব্যের সঙ্গে একমত নয়। প্রিয়া সাহার বিষয়ে তিনি বলেন, তিনি যা-ই বলুক, আমরা তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে যাচ্ছি না। তিনি আসুক, তাকে এটা প্রমাণ করতে হবে। তিনি আরো বলেন, আমরা বাংলাদেশে সাম্প্রদায়িক শক্তির উত্থান হতে দেব না, আমরা একটি অসাম্প্রদায়িক বাংলাদেশ চাই। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

**৪। গুজবে দেশের উন্নয়ন ব্যাহত করা যাবে না : স্থানীয় সরকার মন্ত্রী**

বাংলাদেশে অভূতপূর্ব উন্নতি সাধিত হয়েছে। স্বার্থন্বেষী মহল গুজব ছড়াচ্ছে। গুজবে দেশের উন্নয়ন ব্যাহত করা যাবে না। দেশি-বিদেশি ষড়যন্ত্রের বিরুদ্ধে সোচ্চার থাকতে হবে সকলকে। গতকাল (২৬ জুলাই শুক্রবার) কুমিল্লায় সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচীর আওতায় অনুদানের চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম এসব কথা বলেন। এসময় তিনি আরো বলেন, বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিকল্প নেই। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৪)।

**৫।	মুক্তিযোদ্ধাদের চিকিৎসার সব দায়িত্ব নেবে সরকারঃ ফরিদপুরে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, মুক্তিযোদ্ধাদের চিকিৎসার সব দায়িত্ব নেবে সরকার। এ জন্য বিভিন্ন হাসপাতালে টাকা দেওয়া হয়েছে। বিনামূল্যে ওষুধও দেওয়া হবে। গতকাল (২৬ জুলাই শুক্রবার) ফরিদপুরের আলফাডাঙ্গা উপজেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন উদ্বোধন ও মুক্তিযোদ্ধা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)।

**৬।	সংবাদ মাধ্যম দেশের উন্নয়নের বড় হাতিয়ার : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, সংবাদ মাধ্যম দেশের উন্নয়নের বড় হাতিয়ার। সরকার পরিচালনায় সংবাদ মাধ্যমের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। সরকারের সাফল্য ও ব্যর্থতাগুলো তুলে ধরে গণমাধ্যম দেশের উন্নয়ন ত্বরান্বিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। গতকাল (২৬ জুলাই শুক্রবার) সিলেটে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্রমন্ত্রী একথাগুলো বলেন। পররাষ্ট্রমন্ত্রী ভারত ও চীন সফরে তার অভিজ্ঞতা তুলে ধরে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার শক্তিশালী পররাষ্ট্রনীতির কারণে এ দুটি দেশের সঙ্গে আমাদের সম্পর্ক আরও বেশি উন্নত হয়েছে। রোহিঙ্গা প্রত্যাবাসনের ব্যাপারে পররাষ্ট্রমন্ত্রী বলেন, চীন ভারতের আশ্বাস আমরা পেয়েছি। মিয়ানমারের সঙ্গেও আমাদের আলাপ হয়েছে। খুব দ্রুত রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু হতে পারে - এ ব্যাপারে আমি দৃঢ়ভাবে আশাবাদী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।

**৭।	সুখী সমৃদ্ধ বাংলাদেশ গড়তে গাছ লাগাতে হবে : বস্ত্র ও পাটমন্ত্রী**

বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী বীরপ্রতীক বলেছেন, প্রাকৃতিক ও পরিবেশগত ভারসাম্য রক্ষায় বৃক্ষ রোপণের ভূমিকা যেমন ব্যাপক ও সুদূরপ্রসারী, তেমনি অর্থনৈতিক উন্নয়নেও এর গুরুত্ব অপরিসীম। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুখী সমৃদ্ধিশালী বাংলাদেশ গড়তে বেশি বেশি করে গাছ লাগাতে হবে। গতকাল (২৬ জুলাই শুক্রবার) নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার ভুলতা ইউনিয়ন পরিষদে ফলদ বৃক্ষমেলা উদ্বোধন, শোভাযাত্রা ও বৃক্ষের চারা বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। তিনি 'বর্তমান সরকার দেশে সবুজায়ন বৃদ্ধিতে কাজ করছে' উল্লেখ করে বলেন, 'আমাদের পরিবেশ আজ হুমকির মুখে। জীববৈচিত্র্য বিলুপ্তির পথে। পরিবেশের ভারসাম্য রক্ষায় আমাদের অধিক পরিমাণ বৃক্ষ রোপণ করতে হবে'। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.৫)।

**৮।	দেশে ৯৪ শতাংশ মানুষ বিদ্যুৎ সুবিধা পাচ্ছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, দেশে ৯৪ শতাংশ মানুষ এখন বিদ্যুৎ সুবিধা পাচ্ছে। আওয়ামী লীগ সরকার যখন ক্ষমতায় আসে তখন দেশের ৪৭ শতাংশ মানুষ বিদ্যুৎ সেবার আওতায় ছিল। আওয়ামী লীগ ক্ষমতায় এসে বিদ্যুৎ ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটিয়েছে। এ বছরের ডিসেম্বরের মধ্যেই সারা দেশে শতভাগ বিদ্যুতায়নের আওতায় নিয়ে আসা হবে। গতকার (২৬ জুলাই শুক্রবার) কেরানীগঞ্জ উপজেলার তেঘরিয়া ইউনিয়নের আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)।

#

রিদওয়ান/মাসুম/২০১৯/ ৯.০০ঘন্টা